

স্মারক নং- ০৫.৫৫.৮৫২৭.০০০.০২.০১৯.২৩ - ২০২৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ।
২০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরীর শর্তাবলী বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০১৭) মোতাবেক গংগাচড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের শূণ্য পদে অস্থায়ী ডিউটিতে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত আগামী ০৫/১২/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর বরাবর দাখিল করতে হবে।


ক্রম	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
০১	০২	০৩	০৪	০৫
১.	মহল্লাদার	১৮-৩০ বছর অনূর্ধ্ব (২০/১১/২০২৩ তারিখে)	সরাসরি নিয়োগের মাধ্যমে	ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা। <u>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:</u> ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি। ২। বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ৩। সর্বনিম্ন ওজন ৫০ (পঞ্চাশ) কেজি। <u>মহিলা প্রার্থীর ক্ষেত্রে:</u> ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট। ২। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ৩। সর্বনিম্ন ওজন ৪৫ (পঁয়তাল্লিশ) কেজি।

মহল্লাদারের শূণ্য পদে নিয়োগ:

ক্রম	ইউনিয়নের নাম	শূণ্য পদের সংখ্যা	শূণ্য ওয়ার্ডের নম্বর
১.	২ নং কোলকোন্দ	০১ টি	০৩

শর্তাবলী:

- ১। দফাদার/মহল্লাদার এর পুত্র/ কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ২। সরকারী বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
- ৩। আবেদন পত্রের সাথে সদ্য তোলা রশ্মিন পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি দিতে হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (অষ্টম শ্রেণী উত্তীর্ণ/জেএসসি/জেডিসি) দিতে হবে।
- ৫। নাগরিকত্বের সনদপত্র দিতে হবে।
- ৬। জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত কপি দিতে হবে।
- ৭। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দিতে হবে।
- ৮। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল ধরনের কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ৯। জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্রের নাম, ঠিকানা, জন্ম তারিখ ও জন্ম সাল একই রকম হওয়া বাঞ্ছনীয়। জন্ম তারিখ ও জন্ম সালের ক্ষেত্রে কোন ধরনের সংশোধন/এফিডেভিট বা এ ধরনের কোন প্রমানপত্র গৃহীত হবে না।
- ১০। ০২ ক্রমিকের উল্লেখিত পদে আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর বরাবর ৭০০/- (সাতশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার দাখিল করতে হবে।
- ১১। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সে সকল আবেদনকারীর নামে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ১২। আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য গংগাচড়া উপজেলার ওয়েব পোর্টাল www.gangachara.rangpur.gov.bd এর নোটিশ বোর্ড এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে।
- ১৩। প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন ধরণের মিথ্যা/ অসত্য তথ্য সম্বলিত জালিয়াতির মাধ্যমে তৈরিকৃত কাগজপত্র দাখিল করলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা নিবেন।
- ১৬। কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যক্তিরকে যে কোন সময় নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


২০.১১.২০২৩
(নোহিদ তামান্না)

উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর।

e-mail:unogangachara@mopa.gov.bd